26

0 3 JUN 1989

দৈনিক বাংলা

তারিখ 0 3 JUN 1989
পৃষ্ঠা ... ১ কলাম ৪ ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# মেডিক্যাল কলেজে পরীক্ষার তারিখ আর পাল্টাবে নাঃ মতিন

রাজশাহী, ২রা জুন (বাসস)।—স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপপ্রধানমন্ত্রী এম এ মতিন আজ এখানে জনসংখ্যা বৃদ্ধিতে গভীর উদ্বেগ প্রকাশ করেন। তিনি বলেন, জনসংখ্যা বৃদ্ধি রোধ করতে না পারলে সমস্ত উন্নয়ন তৎপরতার অগ্রগতি ব্যাহত হয়ে

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## মতিন

(প্রথম পৃঃ পর)

পড়বে।

তিনি বলেন, জনসংখ্যা বিস্ফোরণ নিছক সমস্যাই নয়, এটা মারাত্মক পরিস্থিতির সৃষ্টি করেছে এবং জাতির অস্তিত্ব রক্ষার জন্য সুষ্ঠুভাবে এই সমস্যা মোকাবিলা করতে হবে।

উপপ্রধানমন্ত্রী শিল্পকলা একাডেমীতে চিকিৎসক, উপজেলা পর্যায়ের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, স্থানীয় মেডিক্যাল কলেজের শিক্ষক ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের উদ্দেশে ভাষণ দিচ্ছিলেন।

মৎস্য ও পশুপালন মন্ত্রী সরদার আমজাদ হোসেনও এ উপলক্ষে ভাষণ দেন।